দৈনিক ইত্তেফাক

তারিখ 23 APR 1994
পৃষ্ঠা ৩ কলাম ৩

186

## সরকারী কলেজ শিক্ষকদের দাবী পূরণের আশ্বাস

গত বুধবার বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতি, সরকারী কলেজ অধ্যাপক সমিতি, সরকারী কলেজ প্রভাষক সমিতি, ও বিসিএস সাধারণ শিক্ষা সমিতির বিভিন্ন দাবী-দাওয়া নিয়া শ্রম ও জনশক্তি মন্ত্রী আবদুল মান্নান ভুঁইয়ার সহিত এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বিভিন্ন ক্যাডারের সহিত সাধারণ শিক্ষা ক্যাডারের বেতন বৈষম্য-

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## সরকারী কলেজ শিক্ষক

( ৩য় পৃঃ পর )

সহ শিক্ষাক্যাডারের পদ বিন্যাস করিয়া ৬টি স্তরে সংরক্ষণ করার দাবী জানানো হয়। মন্ত্রী সমিতিসমূহের দাবীদাওয়া পূরণের আশ্বাস প্রদান করেন। বৈঠকে সরকারী কলেজ শিক্ষক সমিতির সভাপতি এম মোজাফফর হোসেন, মহাসচিব মোঃ হাসানুল বারী, অধ্যাপক সমিতির আবদুল মজিদ, প্রভাষক সমিতির ডঃ পারভিন সুলতানা প্রমুখ শিক্ষক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।—প্রেস বিজ্ঞপ্তি